

হিসাব - আল নোমান শামীম

শূন্যতার কাছে কিছুই পাবার নেই
তবু তার কাছেই
কিছু প্রশ্নের সমাহার, যেন স্বপ্নেই
খুজে পাই বাবার মৃত মুখ
জেগে উঠার উদ্যাম বাসনায়
চোখ ভিজে যায় প্রানহীন বালিশে, কাথায়,
রাত জেগে হিসেব করি
আজ কতক্ষন জেগে আছে রাতের প্রহর
আকাশের তারাগুলো, ঝিঝি পোকাদের কোলাহল
এখনো কি ক্লান্ত হয়নি কেউ?
পাশে নিশ্চিত ঘুমে প্রিয়তমার
প্রিয় মুখখানি-
হিসেব মেলে না, হিসেব মেলে না
কি রকম প্রানহীন নিশ্চিত জীবন
সকাল দুপুর রাত দিন সপ্তাহ-সারাজীবন।

শূন্যতার কাছে কিছুই পাবার নেই
তবু তার কাছেই
কিছু প্রশ্নের সমাহার, সামান্য রুটির নেশায়
হাজার মানুষের লংমার্চ, এদিকে ওদিকে,
তোমরা কি কেউ জেগে আছো? রেললাইন,
ধোলাইখাল, পিচগলা পথ, খাঁ খাঁ রোদ্দুর, মিরপুর ১০ নম্বর,
প্যাচ প্যাচে ঘাম, রিক্সার টুং টাং
বঙ্গবন্ধু এভিনিউ, মিছিলের মুখ—
দু'ডলারের ভুল বিলে টেলেফোনের সাথে
অহর্নিশ দন্দ-
হিসেব মেলে না, হিসেব মেলে না
কি রকম অর্থবৃত্তে অর্থহীন নিশ্চিত জীবন
সকাল দুপুর রাত দিন সপ্তাহ-সারাজীবন।

শূন্যতার কাছে কিছুই পাবার নেই
তবু তার কাছেই
কিছু প্রশ্নের সমাহার, এই একাকী
নিঃসৃত্যয়, খুব কষ্টে মনে পড়ে
মায়ের মুখখানি, দু'হাত বাঁড়িয়ে তার
আদরের ছেলেকে, যে মা বলেনি,
'বাবা, কি আর দরকার ফিরে যাবার', বলা হয়ে উঠেনি তার
সন্তানের স্মৃতি নিয়ে মা হেঁটে বেঁড়ান
সাড়া বাড়িময়, আমি ক্রমশই শূন্যতাকে
প্রবলতর আকড়ে ধরি, বন্ধুর বাড়িতে
সপ্তাহান্তে দাওয়াত, পার্ট-টাইম রাজনীতি আর
কথার কথামালায় আরো বেশ চেঁপে বসে
একাকীত্বের দেয়ালগুলো-

হিসেব মেলাতে চাই, হিসেব মেলে না
সকাল দুপুর রাত দিন সপ্তাহ-সারাজীবনের।